

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা- ১২১৬।
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৪৪৮.১৮- ২৪০৭

তারিখঃ

০৭ পৌষ, ১৪২৫
২৩ ডিসেম্বর, ২০১৮

বিষয় : রীট পিটিশন নং ১২২৯৯/২০১৮ এর দফাওয়ারী ইংরেজী জবাব ও রীট সংশ্লিষ্ট তথ্য/রেকর্ডপত্র প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ শফিকুল ইসলাম, নবাবগঞ্জ, দিনাজপুরসহ মোট ০২ (দুই) জন শিক্ষক, শেরনগর বেসরকারি প্রাথমিক বিদ্যালয় (বর্তমানে জাতীয়করণকৃত) নবাবগঞ্জ, দিনাজপুর সহ একই উপজেলা ও জেলার অন্য বিদ্যালয়ে প্রধান শিক্ষক হিসেবে জাতীয়করণসহ অন্যান্য সুযোগ সুবিধার দাবীতে মহামান্য সূপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং ১২২৯৯/২০১৮ দায়ের করেছেন। রীট পিটিশনটির দফাওয়ারী ইংরেজী জবাব ও সরকার পক্ষের রেকর্ডপত্র মহামান্য আদালতে দাখিল করা প্রয়োজন।

২। এমতাবস্থায়, রীট পিটিশন নং ১২২৯৯/২০১৮ এর প্রেক্ষিতে নিম্নোক্ত তথ্য/রেকর্ড সমূহ আগামী ০৭ (সাত) দিনের মধ্যে অধিদপ্তরের আইন শাখায় আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


- (১) রীট পিটিশন নং ১২২৯৯/২০১৮ এর বিষয়ে তার গৃহীত কার্যক্রমের বিবরণ, ০৩ (তিন) প্রস্থ।
- (২) রীট পিটিশনের দফাওয়ারী ইংরেজী জবাব (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ), ০৩ (তিন) প্রস্থ।
- (৩) প্রেরিত ওকালত নামায় স্বাক্ষর প্রদান (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ)।
- (৪) প্রেরিত ক্ষমতাপর্শনে স্বাক্ষর প্রদান (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ)।
- (৫) সরকার পক্ষের যাবতীয় রেকর্ড পত্র, ০৩ (তিন) প্রস্থ।
- (৬) প্রতিটি রেকর্ড স্পষ্ট হওয়া প্রয়োজন।

বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তি, ১। রুলের কপি।

২। ওকালতনামা ০২(দুই) খানা।

৩। ক্ষমতাপর্শণ ০২ (দুই) খানা।


(মুহাম্মদ রকিবুল ইসলাম তালুকদার)
সহ: পরিচালক (আইন)

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
দিনাজপুর।


স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৪৪৮.১৮- ২৪০৭/২

তারিখঃ

০৭ পৌষ, ১৪২৫
২৩ ডিসেম্বর, ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, রংপুর বিভাগ, রংপুর। তাঁকে বিষয়টি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ২। অফিস নথি।


(মুহাম্মদ রকিবুল ইসলাম তালুকদার)
সহ: পরিচালক (আইন)